

সমকাল

বেরোবি শিক্ষার্থীদের সঙ্গে বহিরাগতদের ধাওয়া-পাল্টা ধাওয়া, ৪ শিক্ষার্থী আহত

প্রকাশ: ০২ ফেব্রুয়ারি ২৩ | ২২:৫১ | আপডেট: ০২ ফেব্রুয়ারি ২৩ | ২২:৫১

রংপুর অফিস



শিক্ষার্থীদের সঙ্গে বহিরাগতদের দফায় দফায় ধাওয়া-পাল্টা ধাওয়া চলাকালে। ছবি-সমকাল

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) সামনে পার্কের মোড় এলাকায় শিক্ষার্থীদের সঙ্গে
বহিরাগতদের দফায় দফায় ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে।

বৃহস্পতিবার রাত ৯টার দিকে এই ঘটনা ঘটে। এ সময় ইট-পাটকেলের আঘাতে চার শিক্ষার্থী আহত
হন এবং প্রায় এক ঘণ্টা ওই সড়কে যান চলাচল বন্ধ ছিল।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, ক্যাম্পাসে গত মঙ্গলবার আয়োজিত পিঠা উৎসবে লোক প্রশাসক বিভাগের কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে বহিরাগতদের ঝগড়া হয়। ওই ঘটনার জের ধরে আজ সন্ধ্যায় ওই বিভাগের এক শিক্ষার্থীতে তুলে নিয়ে যায় বহিরাগতরা। এ খবর ছড়িয়ে পড়লে শিক্ষার্থীরা সন্ধ্যার পর থেকে বিশ্ববিদ্যালয়ে গেটের সামনে অবস্থান নেয়। সময় গড়িয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে উত্তেজনা বাড়তে থাকে। এক পর্যায়ে বহিরাগতদের সঙ্গে তাদের ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। দুই পক্ষই ইট-পাটকেল নিষ্কেপ করে। এতে চার শিক্ষার্থী আহত হলে তাদের রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পরে পুলিশ এসে টিয়ার শেল নিষ্কেপ করে পরিষ্কৃতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। এসময় বেশ কয়েকটি দোকান ভাংচুর করা হয়।

রাত ১০টা পর্যন্ত স্থানীয়রা পার্কের মোড়ে এবং শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের গেটে অবস্থান করছিল। এর মাঝামাঝি স্থানে ছিল পুলিশ।

রংপুর মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত উপপুলিশ কমিশনার আবু মারফ হোসেন বলেন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় এলাকায় আমরা অবস্থান করছি সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

© সমকাল ২০০৫ - ২০২৩

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com